গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর-১২০৫।
www.niport.gov.bd

নং. ৫৯.১২.০০০০.০০১.৩১.৬৫৬.২০২০-১৩১

তারিখ : ৪ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০৪.০৬.২০২০ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১২.১৭-১৬৮ নম্বর স্মারকের প্রেক্ষিতে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) ও এর আওতাধীন আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১	২	৩	৪	৫	৬
০১.	অফিস সহায়ক গ্রেড-২০, বেতন স্কেল-৮২৫০-২০০১০	২১	অনূর্ধ্ব ৩০ বছর।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, টাঙ্গাইল, শেরপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, মাগুরা, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি। (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটায় আবেদনের ক্ষেত্রে সকল জেলা প্রযোজ্য হবে)
০২.	বাবুর্চি/সহকারী বাবুর্চি গ্রেড-২০, বেতন স্কেল-৮২৫০-২০০১০	২১	ঐ	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ,	
০৩.	আয়া গ্রেড-২০, বেতন স্কেল-৮২৫০-২০০১০	১১	ঐ	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, এবং (খ) শারীরিকভাবে কর্মদক্ষ হইতে হইবে।	
০৪.	ওয়ার্ড বয় গ্রেড-২০, বেতন স্কেল-৮২৫০-২০০১০	৬	ঐ	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, এবং (খ) শারীরিকভাবে কর্মদক্ষ হইতে হইবে।	
০৫.	নিরাপত্তা প্রহরী গ্রেড-২০, বেতন স্কেল-৮২৫০-২০০১০	১৭	ঐ	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) শারীরিকভাবে কর্মদক্ষ হইতে হইবে।	
০৬.	পরিচ্ছন্নতা কর্মী গ্রেড-২০, বেতন স্কেল-৮২৫০-২০০১০	১৫	ঐ	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, (খ) শারীরিকভাবে কর্মদক্ষ হইতে হইবে।	

আবেদন করার নিয়মাবলী/শর্তাবলী :

১। ৩০.০৯.২০২০ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী এবং উপজাতি কোটার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যার (নাতি-নাতনী) বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। **মৌখিক পরীক্ষার সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।**

ক. গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

গ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি।

ঘ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঙ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে;

চ.আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যয়িত ফটোকপি দাখিল করতে হবে;

ছ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

জ. Online- এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

ঝ. প্রবেশ পত্রের অনুলিপি।

ঞ সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪। সকল প্রার্থীকে অনলাইনে (http://niport.teletalk.com.bd) ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে হবে। আবেদন জমাদানের শুরুর তারিখ ও সময় ০১.০৯.২০২০ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা এবং জমাদানের শেষ তারিখ ও সময় ৩০.০৯.২০২০খ্রি. তারিখ বিকাল ৫.০০ টা।

৫। আবেদনকারীকে পরীক্ষার ফি ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে।

৬। সরকারি নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৭। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৮। নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধির কর্তৃত সংরক্ষণ করেন।

১১। বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও নিপোর্ট এর (www.niport.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

১২। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

ক. ইচ্ছুক প্রার্থীগণ http://niport.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১.০৯.২০২০ খ্রি: তারিখ সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ৩০.০৯.২০২০ খ্রি: বিকাল ৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।